পাবনায় সড়ক ও জনপথের অভিযান, সরকারি সম্পত্তি উদ্ধার

পাবনায় মহাসড়কের দুই পাশে বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে অবৈধ স্থাপনা উচ্ছেদ করে সরকারি সম্পত্তি উদ্ধার করেছে সড়ক ও জনপথ অধিদপ্তর।

শুক্রবার সকালে পাবনা আব্দুল হামিদ সড়ক, অনন্তবাজার, মহিষের ডিপু থেকে টার্মিনাল সংলগ্ন এলাকায় ভ্রাম্যমাণ আদালত এ অভিযান পরিচালনা করে। এছাড়াও গত কয়েকদিন ধরেই জেলার বিভিন্ন স্থানে এই অভিযান পরিচালনা করেন তারা।
এই উচ্ছেদ অভিযানের সময় উপস্থিত ছিলেন সড়ক ও জনপথ বিভাগের যুগ্ম সচিব মাহবুবুর রহমান ফারুকী, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট খোন্দকার মাহমুদুল হাসান, সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী সমীরন রায়, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর সদস্যবৃন্দ সহ আইন শৃংখলা বাহিনীর সদস্যবৃন্দ।
উচ্ছেদকৃত অবকাঠামোর মধ্যে রয়েছে পাকা দালান কোঠা, দোকন পাট, ব্যবসা প্রতিষ্ঠান ও অবৈধ বাজার। সরকারি নির্দেশ অমান্য করে রাস্তার ধারে অবৈধ বাজার স্থাপনার জন্য সংশ্লিষ্ট ব্যবসায়ীদের আর্থিক জরিমানা করা হয়েছে। চলমান তিনদিনে পাবনা অঞ্চলে প্রায় তিনশত অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয়েছে বলে জানা গেছে।

পাবনা সড়ক ও জনপদের নির্বাহী প্রকৌশলী সমিরন রায় বলেন, সরকার নির্দেশনা মোতাবেক মহাসড়কের পাশে সরকারি জায়গা অবৈধভাবে যারা দখল করে আছে জনস্বার্থে এবং সড়কে যানচলাচল স্বাভাবিক রাখতে এই অভিযান পরিচালনা করা হচ্ছে। এই অভিযানে যারা নির্দেশনা অমান্য করে সরকারের জায়গা দখল করে ব্যবসা প্রতিষ্ঠান এবং ভবন নির্মান করেছে তাদের অনেককেই জরিমানাও করা হয়েছে। এই অভিযানে নেতৃত্ব প্রদান করেছেন সড়ক ও জনপথ বিভাগের যুগ্ম সচিব মাহবুবুর রহমান ফারুকী।

পাবনা বেড়া উপজেলার কাশিনাথপুর, আতাইকুলায় অভিযান পরিচালনা করা হয়েছে। শনিবার জেলার গাছপাড়া, টেবুনিয়া ও দাশুড়িয়া মোড়ে এই অভিযান চলবে।